# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 24-05-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে নীতি আয়োগের দশম গভর্নিং কাউন্সিলের বৈঠকে পৌরোহিত্য করবেন।

২) ওএমআর শিটে কারচুপির অভিযোগে চাকরি খোয়ানো শিক্ষকদের একাংশের ৩১ ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখার আর্জি, দেশের শীর্ষ আদালত খারিজ করে দিয়েছে।

৩) অগ্নি নিরাপত্তা নিয়ে জেলা ও রাজ্য স্তরে কমিটি গঠন করল রাজ্য সরকার।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী কাল ( ২৫ শে মে ), আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৫) শহর কলকাতাকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখতে বিশেষ সাফাই অভিযান কর্মসূচি হাতে নিয়েছে কলকাতা পুরসভা।

৬) আদালতের নির্দেশে রোজ ভ্যালি চিটফান্ড কাণ্ডে প্রতারিতদের সপ্তম দফায় টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া চলছে।

৭) মোহনবাগান, সিএবির জেসি মুখার্জি টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতার চ্যাম্পিয়ন হয়েছে ।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে নীতি আয়োগের দশম গভর্নিং কাউন্সিলের বৈঠকে পৌরোহিত্য করবেন। এই বৈঠকের মূল ভাবনা **২০৪৭ সালের বিকশিত ভারতের জন্য বিকশিত রাজ্য**। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী, কেন্দ্রশাসিত অঞ্চলের উপ-রাজ্যপাল, কেন্দ্রীয় মন্ত্রী এবং নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ও সদস্যরা বৈঠকে যোগ দেবেন। পশ্চিমবঙ্গ থেকে বৈঠকে কেউ প্রতিনিধিত্ব করছেনা।

উল্লেখ্য, উন্নয়নের ক্ষেত্রে দেশ যেসমস্ত চ্যালেঞ্জের সম্মুখীন বৈঠকে তা খতিয়ে দেখে ভারতকে ২০৪৭ সালের মধ্যে উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে রাজ্যগুলির ভূমিকা সম্পর্কে ঐকমত্য গড়ে তোলাই বৈঠকের মূল আলোচ্য বিষয়। এছাড়া দক্ষতা বৃদ্ধি, সুস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও এন্টারপ্রেণিয়ারশিপকে উৎসাহিত করার মতো বিষয়েও আলাপ-আলোচনা হবে এই বৈঠকে।

এর আগে গত বছর ২৭-শে জুলাই প্রধানমন্ত্রীর নেতৃত্বে গর্ভনিং কাউন্সিলের বৈঠক বসেছিল।

oooooooooooooooooooo

ওএমআর শিট বা উত্তরপত্রে কারচুপির অভিযোগে চাকরি খোয়ানো শিক্ষকদের একাংশ যোগ্য শিক্ষকদের মতো তাদেরও ৩১ ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখা এবং নতুন নিয়োগে অংশগ্রহণ করার সুযোগ দেওয়ার জন্যে সুপ্রিম কোর্টে আবেদন জানিয়েছেন ।

তবে, শীর্ষ আদালত তাদের সেই আবেদন খারিজ করে দিয়েছে। দুই বিচারপতি সঞ্জয় কুমার ও কে ভি বিশ্বনাথন আনন্দের ডিভিশন বেঞ্চ জানিয়ে দেন, প্রাক্তন প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চের নির্দেশে তারা কোন হস্তক্ষেপ করবেন না।

আইনজীবী ফিরদৌস শামিম জানিয়েছেন, সিবিআই তদন্ত করে জানায় মোট ৪ হাজার ৯১ জন OMR শিটে কারচুপি করে চাকরি পেয়েছিল। সুপ্রিম কোর্ট তাদের চাকরি বাতিল করে। তাদেরই মধ্যে ১১৯ জন শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল। কিন্তু আদালত তাদের আর্জিতে কর্ণপাত করেননি।

এদিকে চাকরি হারা শিক্ষকরা বিকাশ ভবনের সামনে আন্দোলন চালিয়ে যেতে পারবেন বলে কলকাতা হাইকোর্ট-এর বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, শর্তসাপেক্ষে অনুমতি দিয়েছেন।

সেন্ট্রাল পার্ক লাগোয়া রাস্তায় শান্তিপূর্ণভাবে তাঁরা এই আন্দোলন করতে পারবেন। তবে, একসঙ্গে ২০০ জনের বেশি ধর্নায় উপস্থিত থাকতে পারবেন না। আন্দোলনকারীদের মধ্যে থেকে ১০ জনের নাম আগে
থেকে পুলিশকে জানিয়ে রাখতে হবে। কোন রাজনৈতিক নেতা সহমর্মিতা দেখিয়ে আন্দোলনে থাকতে চাইলে, পুলিশ ও আন্দোলনকারীদের সঙ্গে আলোচনা করে সেই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষ শিক্ষকদের, তাঁদের মর্যাদার পরিপন্থী, এমন কোনো অসম্মানজনক কোনো কাজ না করতে অনুরোধ করেছেন।

আগামী চৌঠা জুলাই মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয় গত ২১ মে এক সংশোধিত নতুন বিজ্ঞপ্তি জারি করে ABC বা ( Academic Bank of Credits) কে ঐচ্ছিক করার কথা ঘোষণা করেছে। এর ফলে, ABC আইডি না থাকলেও পড়ুয়ারা পরীক্ষায় বসতে পারবে ।

উল্লেখ্য, গত ৭ এপ্রিল যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রশাসন একটি বিজ্ঞপ্তি জারি করে জানায় ABC আইডি ছাড়া কোনো পড়ুয়া সেমিস্টার পরীক্ষার ফর্ম পূরণ বা অ্যাডমিট কার্ড সংগ্রহ করতে পারবে না । কিন্তু UGC র সংশ্লিষ্ট নীতি অনুসারে ABC তে নাম নথিভুক্ত করা সম্পূর্ন ঐচ্ছিক।

অধ্যাপক সংগঠন ABUTA দাবি করেছে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নতুন এই বিজ্ঞপ্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয় প্রশাসন স্বীকার করে নিল এবিসি তে নাম নথিভুক্ত করা সম্পূর্ন ঐচ্ছিক এবং সম্মতি নির্ভর। তাদের আন্দোলনের চাপে বিশ্ববিদ্যালয় প্রশাসন গত ৭ ই এপ্রিল যে বিজ্ঞপ্তি জারি করেছিল তা প্রত্যাহার করতে বাধ্য হয়েছে এই দাবি করে ABUTA র সাধারণ সম্পাদক গৌতম মাইতি বলেন এর ফলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের জাতীয় শিক্ষানীতি অবাধে চালু করার প্রচেষ্টা ধাক্কা খেয়েছে। তার দাবী , বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার ফর্ম ও অ্যাডমিট কার্ডকে চাপের হাতিয়ার হিসেবে ব্যবহার করে পড়ুয়াদের ABCতে নিবন্ধনে বাধ্য করেছিল - যা সম্পূর্ণ বেআইনি ও অনৈতিক। ABC চালু করার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোনো নিয়ম সংগত অনুমোদন ছিল না

অন্যদিকে ছাত্র সংগঠন AIDSO, একে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় শিক্ষানীতি প্রণয়নের বিরুদ্ধে চলমান আন্দোলনের আংশিক জয় বলে দাবি করেছে। গতকাল এক বিবৃতিতে সংগঠনের তরফে এই দাবি করে বলা হয় যে দেশ জুড়ে জাতীয় শিক্ষানীতি 2020 প্রণয়নের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার নানা পন্থা অবলম্বন করেছে। তারই ফলস্বরূপ যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবিসি কে বাধ্যতামূলক ঘোষণা করে গত ৭ এপ্রিল একটি বিজ্ঞপ্তি জারি করে। তার প্রতিবাদে AIDSO যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করে ডেপুটেশন দেয়।

ooooooooooooooooooo

অগ্নি নিরাপত্তা নিয়ে জেলা ও রাজ্য স্তরে কমিটি গঠন করল রাজ্য সরকার। মুখ্য সচিব মনোজ পন্থ গতকাল এক বিজ্ঞপ্তিতে জানান, সম্প্রতি কলকাতা ও রাজ্যের বিভিন্ন প্রান্তে বাড়ি, কারখানা ও হোটেলে কয়েকটি অগ্নিকানডের ফলে জীবনহানি ও সম্পত্তির ক্ষয় ক্ষতি হয়েছে। এরই প্রেক্ষিতে বিভিন্ন জায়গায় অগ্নিনির্বাপণ ব্যবস্থা এবং তার পরিকাঠামো যথাযথ আছে কিনা তা খতিয়ে দেখার জন্যই এই কমিটি গঠন।

রাজ্য স্তরের কমিটির শীর্ষে আছেন কলকাতা পুরসভার মেয়র এবং পুরমন্ত্রী ফিরহাদ হাকিম। অন্য সদস্যের মধ্যে আছেন আবাসনমন্ত্রী অরূপ বিশ্বাস, বিপর্যয় মোকাবিলা দপ্তরের মন্ত্রী জাভেদ খান, পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার, দমকল মন্ত্রী সুজিত বোস, অর্থ দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব প্রভাত মিশ্র।

এছাড়া সংশ্লিষ্ট প্রতিটি দপ্তরের সচিব, পুলিশের এডিজি আইন শৃঙ্খলা জাভেদ শামিম, কলকাতা পুলিশের কমিশনার মনোজ ভার্মা এবং কলকাতা পুরসভার কমিশনার দাভাল জৈন। জেলা স্তরে জেলাশাসকের নেতৃত্বে সাত সদস্যের কমিটি তৈরি করা হয়েছে।

আগামী দিনে এই কমিটি, বিভিন্ন বস্তি, পঞ্চায়েত এলাকা, রেস্তোরাঁ, হোটেল ও বাজারের মতো বাণিজ্যিক জায়গায় অগ্নিনির্বাপণ ব্যবস্থা খতিয়ে দেখবে। অগ্নি নিরাপত্তা নিয়ে অনুমতি দেওয়ার ক্ষেত্রে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে চলবে। দাহ্য বস্তু যথাযথভাবে মজুত রাখা আছে কিনা, সেদিকেও নজর রাখা হবে। কেউ যেন বাড়ির ছাদে বেআইনি কিছু করতে না পারে তাও দেখবে কমিটি।

oooooooooooooooooooo

রাজ্য সরকার, উপযুক্ত পরিচয় পত্র ছাড়া এলাকায় কেউ সমীক্ষা করতে গেলে বা কোন রকম প্ররোচনামূলক প্রচার চালালে, অভিযুক্তর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্যে সব সীমান্তবর্তী জেলাশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ দিয়েছে। নবান্ন সূত্রে খবর, এলাকায় কোন সাম্প্রদায়িক উস্কানিমূলক প্রচার হলে সঙ্গে সঙ্গে কঠোর পদক্ষেপ নেওয়ার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। এলাকায় বহিরাগতদের ভীড় বাড়ছে কিনা, সে বিষয়ে নজরদারির পাশাপাশি পুলিশকে স্থানীয়ভাবে জনসংযোগ বৃদ্ধির উপরেও জোর দিতে বলা হয়েছে।

উল্লেখ্য সাংবাদিক পরিচয় দিয়ে সীমান্তবর্তী এলাকায় উস্কানিমূলক প্রচার চালানো হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উত্তরবঙ্গ সফরে গিয়ে প্রশাসনিক বৈঠকে অভিযোগ করেন। তার পরেই রাজ্য সরকারের এই নির্দেশ।

oooooooooooooooooooo

ভারতীয় সেনাবাহিনী যে দক্ষতার সঙ্গে অপারেশন সিন্দুরে সাফল্য পেয়েছে তা দেশবাসী হিসেবে গর্বের বিষয় বলে মনে করেন বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালার প্রাক্তন অধিকর্তা শুভব্রত চৌধুরী। তিনি বলেন, সারা পৃথিবী দেখেছে ভারতের শক্তি, নিপুণ দক্ষতার সঙ্গে দেশ এই ধরনের পরিস্থিতি সামলাতে সক্ষম তাও বোঝানো সম্ভব হয়েছে।

(বাইট)

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল (২৫ শে মে ), আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব। বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

oooooooooooooooooooo

আদালতের নির্দেশে রোজ ভ্যালি চিটফান্ড কাণ্ডে প্রতারিতদের সপ্তম দফায় টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া চলছে। একইসঙ্গে চলছে ওই বেআইনি লগ্নিকারী সংস্থার সম্পত্তি নিলাম করে অর্থ সংগ্রহ।

রোজ ভ্যালির বিনিয়োগকারীদের অর্থ ফেরত দেওয়ার জন্যে  গঠিত অ্যাসেট ডিসপোজাল কমিটির চেয়ারম্যান,  অবসরপ্রাপ্ত বিচারপতি ডি.কে শেঠ আকাশবাণীকে জানিয়েছেন, গতকাল থেকে ফের আরেক দফায় রোজ ভ্যালি সম্পত্তি নিলামের প্রক্রিয়া শুরু হয়েছে। এই পর্যায়ে ৩০ টি জায়গায় ওই সংস্থার ৫৩ টি সম্পত্তি নিলামে তোলা হবে। এর বাজার দর  আনুমানিক ৪০৯ কোটি টাকা।

অবসরপ্রাপ্ত বিচারপতি ডি.কে শেঠ আরো জানান, এ পর্যন্ত ওই বেআইনি অর্থলগ্নি সংস্থার প্রায় তিন হাজার কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

(বাইট – ডি কে শেঠ)

এ রাজ্যের পাশাপাশি অসম,ত্রিপুরা, ওড়িশার মত প্রতিবেশী রাজ্য গুলি থেকে সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। একইসঙ্গে প্রতারিতদের টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়াও চলছে।

উল্লেখ্য, এর আগে ছয় দফায় ৩৯ কোটি ৩১ লক্ষ টাকা আমানতকারীদের ফেরত দেওয়া হয়েছে। সপ্তম দফায় ১৮ হাজার ৪১৭ প্রতারিত কে ২১ লক্ষ টাকারও বেশি ফেরত দেওয়া হবে।

ooooooooooooooooooo

গ্রামীণ নিকাশি ও বর্জ্য ব্যবস্থাপনাকে আধুনিক করে তোলার ওপর জোর দেওয়া হচ্ছে। মিশন নির্মল বাংলা প্রকল্প আওতায় ইতিমধ্যেই সম্পূর্ণ উন্মুক্ত শৌচ বা ওডিএফ মর্যাদা পেয়েছে রাজ্যের একাধিক জেলা। এখন ওডিএফ প্লাস মর্যাদা অর্থাৎ গ্রামাঞ্চলে আধুনিক ও প্রযুক্তি নির্ভর বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার কাজ চলেছে।

এই নিয়ে গতকাল  বৈঠকে বসে  রাজ্যের পঞ্চায়েত দফতর।নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত বৈঠকে  রাজ্যের সমস্ত জেলাশাসক,সাব-ডিভিশনাল অফিসার এবং সমস্ত ব্লক ডেভেলপমেন্ট অফিসারদের উপস্থিতিতে এব্যপারে আগামী পরিকল্পনা তৈরি করা হয়। পাশাপাশি বর্জ্য ব্যবস্থাপনায় বিশেষ কৃতিত্বের পরিচয় দেওয়া ব্লকগুলিকে পুরস্কৃত করা হয়।

পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার আকাশবাণীকে জানিয়েছেন এখন প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণকেই সবথেকে বড় চ্যালেঞ্জ হিসাবে দেখা হচ্ছে। তাই  রাজ্য সরকার প্রতিটি পঞ্চায়েত এলাকায় অন্তত একটি করে রাস্তা প্লাস্টিক বর্জ্য ব্যবহার করে তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে । রাজ্যের পঞ্চায়েত দফতর এই মর্মে সব জেলা শাসককে নির্দেশ পাঠিয়েছে । সেখানে এধরণের রাস্তা তৈরির ক্ষেত্রে প্রাথমিকভাবে স্কুল, কলেজ বা অঙ্গনওয়াড়ি কেন্দ্র অভিমুখী রাস্তাকে অগ্রাধিকার দিতে বলা হয়েছে।

(বাইট – প্রদীপ মজুমদার)

০০০০০০০০০০০০০০০০০০০

শহর কলকাতাকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখতে বিশেষ সাফাই অভিযান কর্মসূচি হাতে নিয়েছে কলকাতা পুরসভা। পুর ভবনে গতকাল রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী , কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, আগামী বুধবার ২৮ শে মে থেকে তেসরা জুন, সপ্তাহব্যাপী পুরসভার ১৪৪ টি ওয়ার্ডেই এই বিশেষ সাফাই অভিযান চালানো হবে।

এই অভিযানের জন্যে পুরসভা একটি হোয়াটসঅ্যাপ নম্বর চালু করেছে।

এর নম্বর হল ৯০৭৩৩৬৭৮৮৩ । শহরের কোন কোন জায়গায় জঞ্জাল পড়ে রয়েছে যে কেউ এই whatsapp নাম্বারে তা জানাতে পারেন। পুর কর্তৃপক্ষ বিষয়টি সংশ্লিষ্ট বোরো কর্তৃপক্ষকে জানাবে। চার ঘণ্টার মধ্যেই পুরসভার সাফাই কর্মীরা ওই জঞ্জাল সাফ করে দেবে । প্লাস্টিকের ব্যবহার বন্ধ করার লক্ষ্যে পুরসভা শহরের নানা প্রান্তে সচেতনতার অভিযান চালাবে বলেও মেয়র জানান।

(বাইট – ফিরহাদ)

মানুষের কাছে শহর কলকাতাকে পরিচ্ছন্ন রাখার বার্তা দিতেই এই বিশেষ উদ্যোগ বলে ফিরহাদ হাকিম জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

সিএবি জেসি মুখার্জি টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতার চ্যাম্পিয়ন হয়েছে মোহনবাগান। ইডেন গার্ডেন্সে গতকাল ফাইনালে কালীঘাট ক্লাবকে তারা ৪ উইকেটে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে কালীঘাট ২০ ওভারে ৭ উইকেটে ১৭৯ রান করে। সায়ন শেখর মণ্ডল ৬২, শুভম চ্যাটার্জি ৫০ রান করেন। মোহনবাগানের প্রদীপ কুমার ৩ উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে, মোহনবাগান ১৯ ওভারে ৬ উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়।

০০০০০০০০০০০০০০০০০০০

মহামেডান স্পোর্টিং ক্লাব সিএবি উইমেন্স ক্লাব ক্রিকেট লিগ টি-টোয়েন্টি প্রতিযোগিতার চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল ইডেন গার্ডেনে অনুষ্ঠিত ফাইনালে আরিয়ান ক্লাবকে ৪৬ রানের ব্যবধানে হারিয়ে দেয় তারা ।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০